

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
পাট, বস্ত্র ও বেপজা উইং
www.plancom.gov.bd

স্মারকঃ ২০.০৫.০০০.৪৩২.২০.০৪.২০১৬/২৭

তারিখঃ ৫ শ্রাবণ, ১৪২৪ বঙ্গাব্দ
২০ জুলাই, ২০১৭ খ্রি:

বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার বিজ্ঞপ্তি


পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য জনাব মোস্তাফা কামাল উদ্দীন এর সভাপতিত্বে এ বিভাগের সম্মেলন কক্ষে (ব্লক নং-১০; কক্ষ নং-০৪) বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক প্রস্তাবিত নিম্নোক্ত প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) এর সভা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবেঃ

| ক্রমিক নং | প্রকল্পের নাম | অর্থায়নের উৎস | তারিখ, সময় ও ভেন্যু | মন্ত্রণালয়/সংস্থা |
|-----------|---|----------------|--|--|
| ০১। | বহুমুখী পাট পণ্য উৎপাদনের লক্ষ্যে ০৩ (তিন)টি ইউনিট স্থাপন | জিওবি | ২৭/০৭/২০১৭ খ্রি: (বৃহস্পতিবার) সকাল ১১:০০ ঘটিকা পরিকল্পনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক নং-১০; কক্ষ নং-০৪)। | বস্ত্র ও পাট মন্ত্রণালয়/ বাংলাদেশ পাটকল কর্পোরেশন(বিজেএমসি) |

০২। সভার কার্যপত্র ও প্রস্তাবিত ডিপিপি (প্রতিটি ১ প্রস্ত) এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৩। উক্ত সভায় যথা সময়ে উপস্থিত থাকার/উপযুক্ত প্রতিনিধি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| |
|--|
| সিনিয়র সিস্টেম এনালিস্ট এর দপ্তর পরিকল্পনা বিভাগ |
| তারিখঃ ২৪/৭/১৭ |
| সিনিয়র প্রোগ্রামার আইসিটি সেল |
| প্রোগ্রামার |
| মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার |
| সফটওয়্যার প্রোগ্রামার-১ |
| সফটওয়্যার প্রোগ্রামার-২ |
| হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার |


২০-৭-২০১৭
(তাহেরা হক)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১১৭৩৩১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা।
- ৫। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৮। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ৯। যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
- ১০। চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি), মতিঝিল বা/এ, ঢাকা (বেতনসহকারী সংস্থ কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় প্রকল্পের ওপর পাওয়ার পয়েন্ট উপস্থাপন প্রদান করতে হবে)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ-

- ১। উপ সচিব, প্রটোকল শাখা, পরিকল্পনা বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা।
- ২। পরিকল্পনা বিভাগের সম্মেলন প্রস্তুত রাখা এবং ৩০ জনের চা-নাত্তার ব্যবস্থাকরণের অনুরোধসহ
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। সদস্য (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের একান্ত সচিব, শেরে-বাংলা নগর, ঢাকা।
- ৪। প্রধান (শিল্প ও শক্তি বিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শেরে-বাংলা নগর, ঢাকা।
- ৫। যুগ্ম-প্রধান (বস্ত্র ও পাট উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প ও শক্তি বিভাগ, শেরে-বাংলা নগর, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
পাট, বস্ত্র ও বেপজা উইং

বিষয়ঃ প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যপত্র

[পাওয়ার পয়েন্ট উপস্থাপন : বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নিজস্ব ব্যবস্থাপনায় প্রকল্পের ওপর পাওয়ার পয়েন্ট উপস্থাপন দেয়া হলো।]

- ১। প্রকল্পের নাম : বহুমুখী পাট পণ্য উৎপাদনের লক্ষ্যে ০৩ (তিন)টি ইউনিট স্থাপনা।
- ২। ক) উদ্যোগী মন্ত্রণালয় : বস্ত্র ও পাট মন্ত্রণালয়।
খ) বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি)
- ৩। প্রকল্পের প্রাক্কলিত ব্যয় :
(ক) মোট : ৩৩৬০.৯৪ লক্ষ টাকা।
(খ) জিওবি : ৩৩৬০.৯৪ লক্ষ টাকা।
(গ) প্রকল্প সাহায্য : --

- ৪। প্রকল্পের অর্থায়নের ধরন ও উৎস (লক্ষ টাকায়) :

| অর্থায়নের ধরন | বিজেএমসি | প্রকল্প সাহায্য | জিওবি (বৈদেশিক মুদ্রা) | মোট |
|----------------|----------|-----------------|------------------------|---------|
| ঋণ | - | -- | -- | - |
| তনুদান | - | -- | ৩৩৬০.৯৪ (১৭০০.৬৬) | ৩৩৬০.৯৪ |
| ইকুইটি | -- | -- | -- | -- |
| অন্যান্য | -- | -- | -- | -- |
| মোট: | -- | -- | ৩৩৬০.৯৪ (১৭০০.৬৬) | ৩৩৬০.৯৪ |

- ৫। প্রকল্পের বাস্তবায়ন কাল : মার্চ, ২০১৬ – জুন, ২০১৮।

- ৬। প্রকল্প এলাকা :

| বিভাগ | জেলা | উপজেলা |
|-----------|-----------|-------------|
| ঢাকা | ঢাকা | ডেমরা |
| খুলনা | খুলনা | খালিশপুর |
| চট্টগ্রাম | চট্টগ্রাম | রাঙ্গুনিয়া |

করিম জুট মিলস লিমিটেড, ঢাকা, দৌলতপুর জুট মিলস লিমিটেড, খুলনা, কেএফডি লিমিটেড, রাঙ্গুনিয়া, চট্টগ্রাম।

- ৭। চলতি অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্তি ও বরাদ্দ : প্রকল্পটি চলতি ২০১৭-১৮ অর্থবছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত রয়েছে (এডিপি পৃ: ৭৩৩, ক্রমিক নং ৩৪৪)।

৮। প্রকল্পের উদ্দেশ্য

- দেশী-বিদেশী ক্রেতার চাহিদা অনুযায়ী বহুমুখী পাট পণ্য উৎপাদন;
- ফেল্ট ফ্যাক্টরীতে অপ্রয়োজনীয় পাটের ক্যাডিস ও পাটের শিল্পবর্জ্য ব্যবহার করে পাটের ফেল্ট তৈরী করা;
- পাটের ক্যাডিস ও শিল্পবর্জ্য দ্বারা প্রস্তুতকৃত পাটের ফেল্ট তৈরী ও দৈনন্দিন বহুমুখী পাটপণ্য প্রস্তুত ও ব্যবহার করে পরিবেশ বান্ধব জলবায়ু তৈরীতে অংশগ্রহণ করা; এবং
- তিনটি নিজ নিজ মিলে দক্ষ ও আধা অদক্ষ জনবলের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

৯। প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি ও প্রস্তাবিত মূল কার্যক্রম :

৯.১ প্রকল্পের সংক্ষিপ্ত পটভূমি :

অনেক বছর যাবৎ পাট থেকে শুধু বস্তা ও রশির মতো চিরাচরিত পণ্য উৎপাদিত হতো। বর্তমানে পাটের বহুমুখী ব্যবহার উদ্ভাবনের জন্য পৃথিবীব্যাপী গবেষণা ও উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। পাট ও পাটজাত দ্রব্যের দ্বিতীয় বৃহত্তম দেশ হিসেবে বাংলাদেশের বিভিন্ন সংস্থার আওতায় পাট নিয়ে বিভিন্ন গবেষণা ও কার্যক্রম পরিচালিত হচ্ছে। প্রস্তাবিত প্রকল্পে বিজেএমসি এর আওতাধীন ৩টি মিল যথা ঢাকাস্থ করিম জুট মিলস লিমিটেড, খুলনাস্থ দৌলতপুর জুট মিলস লিমিটেড এবং চট্টগ্রামস্থ কেএফডি লিমিটেডের খালি জায়গায় তিনটি বহুমুখী পাট পণ্যের উৎপাদন ইউনিট স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। করিম জুট মিলস লিঃ ও দৌলতপুর জুট মিলস লিঃ এ দুই(২)টি জুট ফেল্ট কারখানা ইউনিট স্থাপন করার মাধ্যমে প্রস্তুতকৃত জুট ফেল্ট দেশে ও বিদেশে বাজারজাতকরণ করা সম্ভব হবে। একইভাবে কেএফডি লিঃ এ উৎপাদিত Fine Jute Fabrics দিয়ে বহুমুখী পাটপণ্যের একটি ইউনিট স্থাপন করা হলে প্রস্তুতকৃত বহুমুখী পাটপণ্য বিদেশে রপ্তানি করা সম্ভব হবে। পাট একটি প্রাকৃতিক তন্তু যা মূলত বহুমুখী ও পুনঃ ব্যবহার উপযোগী, টেকসই, দূষণমুক্ত, পচনশীল অথচ মজবুত এবং পরিবেশ বান্ধব। পাটের বহুমুখী ব্যবহারের লক্ষ্যে পাট দিয়ে বিভিন্ন পণ্য তৈরী হচ্ছে, যা বিদেশে রপ্তানী করে বৈদেশিক মুদ্রা অর্জিত হচ্ছে। পাটের বহুমুখী ব্যবহার আরো বৃদ্ধির লক্ষ্যে প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে।

বিগত ১২/১০/২০১৪ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বস্ত্র ও পাট মন্ত্রণালয় পরিদর্শনকালে অনুষ্ঠিত সভায় বিজেএমসিকে নিজের পায়ে দাঁড়ানোর নির্দেশনা প্রদান করেন। এ প্রেক্ষিতে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কর্তৃক “বহুমুখী পাটপণ্য উৎপাদনের লক্ষ্যে ০৩ (তিন)টি ইউনিট স্থাপন” শীর্ষক প্রকল্পটি প্রস্তাব করা হয়েছে। এ প্রকল্পটি সম্পূর্ণ বাংলাদেশ সরকারের অর্থায়নে বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নীতিগত সম্মতি রয়েছে।

৯.২ প্রকল্পের মূল কার্যক্রম :

- বিজেএমসি এর আওতাধীন তিনটি মিলের খালি জায়গা ব্যবহার করে তিনটি নতুন ইউনিট স্থাপন করা ;
- যন্ত্রপাতি ও সরঞ্জামাদি ক্রয়;
- সড়ক ও মহাসড়ক নির্মাণ;
- স্যানিটেশন ও পানি সরবরাহ;

- বৈদ্যুতিক কাজ;
- প্রশিক্ষণ;
- প্রি-শিপমেন্ট ইনস্পেকশন;
- মেরামত ও রক্ষণাবেক্ষণ;
- ড্রেনেজ;
- কম্পিউটার, অফিস যন্ত্রপাতি ও আসবাবপত্র সরবরাহ।

১০। প্রকল্পের অঙ্গ ভিত্তিক ব্যয় বিভাজন : সংযোজনী- “ক” দৃষ্টব্য।

১১। প্রকল্পের আয়-ব্যয় বিশ্লেষণ :

(Discount rate @ ১৫%)


| (এনপিভি) | কেএফডি লিমিটেড | করিম জুট মিলস লিমিটেড |
|-----------|----------------|-----------------------|
| আর্থিক | ১০৯০.৩৫ | ৩৩৭.৪৮ |
| অর্থনৈতিক | ১৩৭৭.২০ | ১২৩০.৬০ |
| (বিসিআর) | | |
| আর্থিক | ১.৬১ | ১.১০ |
| অর্থনৈতিক | ১.৭৭ | ১.৩৭ |
| (আইআরআর) | | |
| আর্থিক | ২৭.১৭% | ১৬.১৯% |
| অর্থনৈতিক | ২৮.৮৬% | ২১.৪০% |

১২। অন্য কোন গুরুত্বপূর্ণ তথ্য (যদি থাকে) : প্রযোজ্য নয়।

১৩। পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট সেক্টর ডিভিশনের মতামতঃ

- ১৩.১ প্রকল্পের জনবল কাঠামোতে (ডিপিপি পৃষ্ঠা:১২) ২০ জন জনবল সরাসরি/প্রেমণে নিয়োগের প্রস্তাব করা হয়েছে। কিন্তু অঙ্গভিত্তিক ব্যয় বিভাজনে জনবলের বেতন-ভাতা খাতে ব্যয় প্রাক্কলন প্রতিফলন নেই। প্রস্তাবিত জনবলের বেতন-ভাতা কোথা হতে নির্বাহ করা হবে এবং অর্থ বিভাগের জনবল কমিটির সুপারিশ গ্রহণের প্রয়োজন আছে কি-না এ বিষয়ে সভায় জানা যেতে পারে।
- ১৩.২ তিনটি মিলে (ঢাকাস্থ করিম জুট মিলস লিমিটেড, খুলনাস্থ দৌলতপুর জুট মিলস লিমিটেড এবং চট্টগ্রামস্থ কেএফডি লিমিটেড) ৩টি উৎপাদন ইউনিট স্থাপনের প্রস্তাব করা হয়েছে। এ মিলগুলো নির্বাচনের যৌক্তিকতা সভায় জানা যেতে পারে।
- ১৩.৩ ডিপিপি পৃষ্ঠা-৩ এ মূলধন খাতের আওতায় অন্যান্য ভবন ও অবকাঠামো বাবদ ৭৩৫.৬৭ লক্ষ টাকা ব্যয় প্রাক্কলন দেখানো হয়েছে। এ ক্ষেত্রে নির্মাণ কাজ সম্পর্কিত বিষয়ে সভায় অবহিত করা যেতে পারে। প্রকল্পের আওতায় প্রস্তাবিত পূর্তকাজসমূহ কাদের দ্বারা বাস্তবায়ন করা হবে এ বিষয়ে সভায় জানা যেতে পারে।
- ১৩.৪ প্রকল্পটি সম্পূর্ণ জিওবি অনুদানের স্থলে দীর্ঘ মেয়াদে পরিশোধযোগ্য সহজ শর্তে জিওবি হতে ঋণ সহায়তা গ্রহণের মাধ্যমে বাস্তবায়নের বিষয়টি সভায় আলোচনা করা যেতে পারে।

- ১৩.৫ প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ মার্চ, ২০১৬ হতে জুন, ২০১৮ (২ বছর ৪মাস) প্রস্তাব করা হয়েছে। সভায় আলোচনা করে বাস্তবতার নিরিখে বাস্তবায়ন মেয়াদ পুনঃনির্ধারণ করা যেতে পারে।
- ১৩.৬ ডিপিপি অনুচ্ছেদ ১৫.৪ (পৃ: ৭) এ সুনির্দিষ্ট পরিমাণ উল্লেখপূর্বক প্রধান প্রধান আইটেমসমূহ সুস্পষ্টভাবে উল্লেখ করা বাঞ্ছনীয়।
- ১৩.৭ ১১২৯৫.৫০ লক্ষ টাকা ব্যয়ে প্রস্তাবিত ৫৫.৩১ বর্গফুট আয়তনের সড়ক ও মহাসড়ক নির্মাণ করার যৌক্তিকতা সভায় জানা যেতে পারে।
- ১৩.৮ অঙ্গভিত্তিক ব্যয় আলোচনা করে বাস্তবভিত্তিক করা যেতে পারে।
- ১৩.৯ প্রকল্পের উদ্দেশ্য অংশে তিনটি মিলের দক্ষ ও আধা দক্ষ জনবলের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির উল্লেখ রয়েছে। এ ক্ষেত্রে আধা অদক্ষ জনবলের কর্মসংস্থান সৃষ্টি বলতে কি বোঝানো হয়েছে- এ বিষয়ে সভায় জানা যেতে পারে।
- ১৩.১০ পরিকল্পনা বিভাগ কর্তৃক অক্টোবর, ২০১৬-এ জারীকৃত “সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি” সংক্রান্ত পরিপত্র মোতাবেক ডিপিপি পৃষ্ঠা-৮ এর অনুচ্ছেদ ১৯ এ আইটেমভিত্তিক ব্যয় প্রাক্কলনের ভিত্তি ও তারিখ উল্লেখ করা বাঞ্ছনীয় এছাড়া অনুচ্ছেদ-২২ এ প্রধান প্রধান আইটেমের স্পেসিফিকেশন/ডিজাইন এর বর্ণনা সংযুক্ত করা বাঞ্ছনীয়।
- ১৩.১১ প্রকল্পটি বিভিন্নভাবে ভিশন ২০২১ ও ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা বাস্তবায়নে সাহায্য করবে মর্মে ডিপিপি সংশ্লিষ্ট অনুচ্ছেদে (অনু: ২৬.০, পৃ: ৯) উল্লেখ রয়েছে। এক্ষেত্রে পরিকল্পনা বিভাগ কর্তৃক অক্টোবর, ২০১৬-এ জারীকৃত “সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি” সংক্রান্ত পরিপত্র মোতাবেক ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনাসহ অন্যান্য পরিকল্পনার উদ্দেশ্য ও লক্ষ্যের সাথে প্রস্তাবিত প্রকল্পের সংগতিপূর্ণতা অনুচ্ছেদ, অধ্যায়/পৃষ্ঠা নম্বর উল্লেখপূর্বক ডিপিপি অনুচ্ছেদ ২৬-এ পরিকল্পনা সম্পর্কিত তথ্যাদি সুস্পষ্টভাবে উল্লেখ করা যেতে পারে।
- ১৩.১২ ডিপিপিতে বিভিন্ন ত্রুটি-বিচ্যুতি ও দুর্বলতা পরিলক্ষিত হয়েছে। যেমন প্রকল্প কার্যাবলী (পৃ:৭) অংশে প্রকল্প স্টিয়ারিং কমিটি ও প্রকল্প মূল্যায়ন কমিটির মাধ্যমে পূর্ত কাজ সম্পাদন, বিদেশী মেশিনারী ও ইকুইপমেন্ট প্রস্তুতকারক প্রতিষ্ঠান হতে মেশিনারী ও ইকুইপমেন্ট ক্রয় ইত্যাদি উল্লেখ করা হয়েছে। এছাড়া প্রাক্কলিত ব্যয়ের সার-সংক্ষেপ (পৃষ্ঠা-৩)এ যন্ত্রপাতি-২ লট, অফিস সরঞ্জাম-৩ লট, আসবাবপত্র ৩ লট, ডাক ও এল এস, বীমা ২ লট ইত্যাদি উল্লেখ করা হয়েছে।


 মোঃ মোশারফ হোসেন
 যুগ্ম-প্রধান

অংগভিত্তিক ব্যয় বিভাজন

(লক্ষ টাকা)

| ইকনমিক কোড | ইকনমিক সাব-কোড | ইকনমিক সাব কোড অনুযায়ী অংশের (Items) বিবরণ | একক | পরিমাণ | মোট খরচ =(৭+৮+৯) | জিওবি (বৈদেশিক মুদ্রা) | নিজস্ব অর্থায়ন | অন্যান্য | প্রকল্পের মোট ব্যয়ের শতাংশ (%) |
|-------------------------------------|----------------|---|------------|----------|---------------------|---------------------------|-----------------|----------|---------------------------------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| (ক) রাজস্ব : | | | | | | | | | |
| ৪৮০০ | ৪৮১৩ | কাস্টম শুল্ক/ভ্যাট | লট | ০২ | ১৯৩.১০ | ১৯৩.১০ | - | - | ৫.৭৪৫% |
| | ৪৮১৫ | ডাক | এল এস | ০৩ | ১.০০ | ১.০০ | - | - | ০.০৩০% |
| | ৪৮২২ | গ্যাস ও জ্বালানী | এল এস | ০৩ | ৪.০০ | ৪.০০ | - | - | ০.১১৯% |
| | ৪৮২৪ | বীমা/ব্যাংক চার্জ | লট | ০২ | ৬৭.৮০ | ৬৭.৮০ | - | - | ২.০১৭% |
| | ৪৮২৭ | মুদ্রণ ও বাঁধাই | এল এস | ০৩ | ৪.০০ | ৪.০০ | - | - | ০.১১৯% |
| | ৪৮২৮ | ট্রেনারী, সীল ও স্ট্যাম্প | সংখ্যা/রিম | ০৩ | ৮.০০ | ৮.০০ | - | - | ০.২৩৮% |
| | ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপন | এল এস | ০৩ | ৮.১৫ | ৮.১৫ | - | - | ০.২৪২% |
| | ৪৮৩৯ | প্রি-শিপমেন্ট ইন্সপেকশন | | ০৭ দিন | ৫৪.০০ | ৫৪.০০ | - | - | ১.৬০৭% |
| | ৪৮৪০ | প্রশিক্ষণ ব্যয় | দিন | ৪৫ | ৫০.০০ | ৫০.০০ | - | - | ১.৪৮৮% |
| | ৪৮৪৫ | আপ্যায়ন ব্যয় | এল এস | ০৩ | ৫.০০ | ৫.০০ | - | - | ০.১৪৯% |
| ৪৯০০ | ৪৯৯১ | অন্যান্য মেরামত ও সংরক্ষণ | বর্গফুট | ৯৪০১.৭১ | ৫৫.০০ | ৫৫.০০ | - | - | ১.৬৩৬% |
| (ক) উপমোট (রাজস্ব) | | | | | ৪৫০.০৫ | ৪৫০.০৫ | - | - | ১৩.৩৯% |
| (খ) মূলধন : | | | | | | | | | |
| ৬৮০০ | ৬৮১৩ | যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম | লট | ০২ | ১৭০০.৬৬ | ১৭০০.৬৬ (১৭০০.৬৬) | - | - | ৫০.৬০১% |
| | ৬৮১৫ | কম্পিউটার ও যন্ত্রাংশ | সংখ্যা | ০৮ | ৫.৫০ | ৫.৫০ | - | - | ০.১৬৩% |
| | ৬৮১৯ | অফিস সরঞ্জাম | লট | ০৩ | ৪.২০ | ৪.২০ | - | - | ০.১২৫% |
| | ৬৮২১ | আসবাবপত্র | লট | ০৩ | ১১.০০ | ১১.০০ | - | - | ০.৩২৭% |
| ৭০০০ | ৭০১৬ | অন্যান্য ভবন ও অবকাঠামো | বর্গফুট | ৭৩৫৬৭ | ৭৩৫.৬৭ | ৭৩৫.৬৭ | - | - | ০.৪৬১% |
| | ৭০২১ | সড়ক ও মহাসড়ক | বর্গফুট | ১১২৯৫.৫০ | ৫৫.৩১ | ৫৫.৩১ | - | - | ০.৪২৭% |
| | ৭০৪১ | পানি নিষ্কাশন অবকাঠামো | বর্গফুট | ৪২৬২.০০ | ১৫.৫০ | ১৫.৫০ | - | - | ০.৭৮৮% |
| | ৭০৪৬ | স্বাস্থ্য পরিচর্যা ও পানি সরবরাহ | এল এস | ০১ | ১৪.৩৫ | ১৪.৩৫ | - | - | ২১.৮৮৮% |
| | ৭০৪৭ | মলকূপ স্থাপন | সংখ্যা | ০১ | ২৬.৫০ | ২৬.৫০ | - | - | ১.৬৪৫% |
| | ৭০৫৩ | লাইন ও তার | লট | ০৩ | ৬৫.০০ | ৬৫.০০ | - | - | ১.৯৩৩% |
| | ৭০৫৬ | বৈদ্যুতিক স্থাপনা | কেভিএ | ৫০০ | ২১১.৩০ | ২১১.৩০ | - | - | ৬.২৮৬% |
| (খ) উপমোট (মূলধন) | | | | | ২৮৪৪.৯৯ | ২৮৪৪.৯৯ | - | - | ৮৪.৬৪% |
| মোট (ক+খ) | | | | | ৩২৯৫.০৪ | ৩২৯৫.০৪ | - | - | ৯৮.০০% |
| (গ) ফিজিক্যাল কনটিনজেন্সি ১% | | | | | ৩২.৯৫ | ৩২.৯৫ | - | - | ১.০০% |
| (ঘ) প্রাইস কনটিনজেন্সি ১% | | | | | ৩২.৯৫ | ৩২.৯৫ | - | - | ১.০০% |
| সর্বমোট (ক+খ+গ+ঘ) | | | | | ৩৩৬০.৯৪ | ৩৩৬০.৯৪ | - | - | ১০০.০০% |